

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/রংপুর/পেনশন/পার্ট-২/২১৫/

তারিখঃ /০৬/২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ জেলা হিসাব রক্ষণ অফিসার  
রংপুর।

বিষয়ঃ পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসংগে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহায়ক জনাব মোঃ ছোলেমান আলী মন্ডল পিআরএল ভোগরত অবস্থায় গত ২০/০৬/২০১৫ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী মোছাঃ উম্মেতন বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

২। মরহুম ছোলেমান আলী মন্ডল এর সর্বশেষ মাসিক গৃহিতব্য মূল বেতন (৭৬১৫ + ২০% মহার্ঘ ভাতা ১৫২৩) = ৯,১৩৮/- টাকা। তাঁর চাকুরীকাল ২৫ বছরের উর্দে হওয়ায় পেনশনের হার ৮০% হিসাবে মোট অবসর ভাতার পরিমাণ (৯,১৩৮ × ৮০%) = ৭,৩১০/৪০ টাকা। মোট অবসর ভাতার অর্ধাংশ (৭,৩১০/৪০ ÷ ২) = ৩,৬৫৫/২০ টাকা। আনুতোষিকের জন্য অবসর ভাতার ১ম অর্ধাংশের বিনিময় (প্রতি এক টাকার পরিবর্তে) ২৩০/- টাকা হিসাবে (৩,৬৫৫/২০ × ২৩০/-) = ৮,৪০,৬৯৬/- (আট লক্ষ চল্লিশ হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকা থোক আনুতোষিক প্রাপ্য এবং ২০/০৬/২০১৫ খ্রিঃ তারিখ হতে নীট মাসিক ৩,৬৫৫/২০ ( তিন হাজার ছয়শত পঞ্চাশ টাকা বিশ পয়সা ) টাকা হারে অবসর ভাতা মঞ্জুরী প্রদান করা হল।

৩। মরহুমের বিধবা স্ত্রী মোছাঃ উম্মেতন বেগম এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নে বর্ণিত কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থের জন্য প্রেরণ করা হল।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	০১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	০১ কপি
গ)	মৃত্যু সনদ	০১ কপি
ঘ)	ইএলপিসি সনদপত্র	০১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও পাচ আঙ্গুলের ছাপ	০১ কপি
চ)	না-দাবী সনদ পত্র	০১ কপি
ছ)	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১ কপি
জ)	অবিভাবক মনোনয়ন এবং ওয়ারিশগণ কর্তৃক ক্ষমতা অর্পন	০১ কপি
ঝ)	অঙ্গীকার নামা	০১ কপি
ঞ)	জাতীয়তা সনদ	০১ কপি
ট)	চাকুরী বহি (৩ খন্ডের)	০১ প্রস্থ

স্বাক্ষরিত/-

(আ.ন.ম সালাহ উদ্দিন খান)

পরিচালক(পিআইইউ)

রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/রংপুর/পেনশন/পার্ট-২/২১৫/৭৫১(৪)

তারিখঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১। অধ্যক্ষ, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর।

০২। জনাব মোছাঃ উম্মেতন বেগম, স্বামীঃ মরহুম-ছোলেমান আলী মন্ডল, গ্রামঃ বামনদিঘী, পোষ্টঃ শলুয়া, উপজেলাঃ চারঘাট, জেলাঃ রাজশাহী।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। সংরক্ষণ নথি।

(বি.এম. আমিনুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।